



২০১৮ সালের রামনাথ বিশ্বাস স্মৃতি সাহিত্য পুরস্কার প্রাপ্ত

শ্রী পীযুষ রাউত

উত্তর-পূর্বাঞ্চলের বাংলা কবিতাচর্চার জগতে পীযুষ রাউত অনন্য। তদানীন্তন পূর্ববঙ্গের শ্রীহট্টের মেহেরপুরে ১৯৪০ সালে জন্ম, কবির প্রথম কাব্যগ্রন্থ প্রকাশিত হয় ১৯৯০ সালে, 'বিষম উদ্যানে বৈশাখ'। কবিতা লেখার শুরু হয়েছিল ছাত্রাবস্থায়। মাত্র তেইশ বছর বয়সে কবিতার কাগজ সম্পাদনা করেন। ত্রিপুরার প্রথম কবিতা-পত্রিকা 'জোনাকি' প্রকাশিত হয় তাঁরই সম্পাদনায়। চলেছিল ১৯৬৩-৭৭ পর্যন্ত। এখানেই শেষ নয়, ত্রিপুরার প্রথম গল্প-পত্রিকা 'স্বপ্ন এবং দুঃস্বপ্ন'ও তাঁরই সম্পাদনায় প্রকাশিত হয়েছে ১৯৬৯-৭৪ পর্যন্ত। একইসঙ্গে তিনি সম্পাদনা করেছেন কবিতা ও গল্পের কাগজ। এ ছাড়া সম্পাদনা করেছেন আরও কয়েকটি পত্রিকা, সেগুলি হলো 'খোয়াই', 'অরণ্যে আমরা', 'সবিনয় নিবেদন'।

পীযুষ রাউতের কবিতার নির্মাণ শুরু হয় কোনো তাৎক্ষণিক ঘটনা থেকে, ক্রমশ পৌঁছে যায় তা অমরত্বের আঙিনায়। ফুটে ওঠে নাগরিক মানুষের জীবনযন্ত্রণা, ক্ষোভ ও ক্রোধ। পাশাপাশি জীবনকে যাপন, সমাজজীবন ও ভালোবাসার পরশও পাওয়া যায় তাঁর কবিতায়।

পীযুষ রাউত সমাজমনস্ক কবি। স্বাভাবিকভাবে তাঁর কবিতায় সমাজচেতনা অবশ্যগ্ভাবীরূপেই জড়িয়ে থাকে। প্রকৃতির রূপবর্ণনা কিংবা নর-নারীর স্বাভাবিক প্রেম নয়, এই কবির কবিতা কিছু বলতে চায়, যা পাঠকের মনে রেখে যায় গভীর ছাপ।

তাঁর এ-পর্যন্ত প্রকাশিত কাব্যগ্রন্থ হল— বিষম উদ্যানে ; জন্ম জুয়াড়ী ; নষ্ট আশ্বিনের মেঘ ; প্রিয় কণ্ঠস্বরে উচ্চারিত পঙ্ক্তিমালা ; অবসরের আগে ও পরে ; মন্ত্রপূত রুমাল ; স্যার, আপনার টেলিফোন; তোষা সিরিজ ; শ্রীচরণেশু বাবা ; চিনিকম; হ্যালো চীফ মিনিষ্টার ; জয় হে ; আমরা কয়েকজন ; আমার অণুকবিতা ; জোনাকি সমগ্র ; ইতি তোমারই।

পীযুষ রাউত ছোটগল্পে অনেক পরীক্ষা নিরীক্ষা করেছেন। তাঁর 'অরণ্যের আত্মসমীক্ষা ও অন্যান্য গল্প' পড়লেই তার রেশ পাওয়া যায়। এ ছাড়া তিনি লিখেছেন আত্মকথা— 'আমার কবিজীবন'।

দীর্ঘ কাব্যজীবনে বেশ কয়েকটি পুরস্কার ও সংবর্ধনা পেয়েছেন পীযুষ রাউত। এর মধ্যে উল্লেখযোগ্য — পশ্চিমবঙ্গ সরকারের কবিতা উৎসবে সংবর্ধনা, ত্রিপুরায় উত্তর-পূর্বাঞ্চলীয় সাহিত্য সম্মেলনে সংবর্ধনা, সাহিত্য সেতু পুরস্কার, ত্রিপুরা সরকার প্রদত্ত 'কবি সুকান্ত পুরস্কার', প্রবাহ সাহিত্য সম্মান, নন্দিনী স্মৃতি সাহিত্য সম্মান, নন্দিত প্রিয়জন সম্মান, শিলচরের বরাকস্বার্থ প্রদত্ত কবিরত্ন সম্মান প্রভৃতি।

বাংলাভাষার গুরুত্বপূর্ণ প্রায় সব কবিতা-পত্রিকায় প্রকাশিত হয়েছে তাঁর কবিতা। এর মধ্যে উল্লেখযোগ্য হল দেশ, কৃষ্ণিবাস, প্রতিক্ষণ, কবিসম্মেলন, বিভাব প্রভৃতি।